# আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯ : ৩৬

## আরবি মূল আয়াত:

وَ بُرِّزَتِ الۡجَحِیۡمُ لِمَنۡ یَّرٰی ﴿۳۶﴾

## অনুবাদসমূহ:

আর জাহান্নামকে প্রকাশ করা হবে তার জন্য যে দেখতে পায়। — আল-বায়ান

এবং জাহান্নামকে দেখানো হবে এমন ব্যক্তিকে যে দেখতে পায়। — তাইসিরুল

এবং দর্শকদের জন্য প্রকাশ করা হবে জাহান্নাম। — মুজিবুর রহমান

And Hellfire will be exposed for [all] those who see - — Sahih International

### ৩৬. আর প্রকাশ করা হবে জাহান্নাম দর্শকদের জন্য,

-

তাফসীরে জাকারিয়া

### ৩৬। এবং প্রকাশ করা হবে জাহীম (জাহান্নাম)কে দর্শকদের জন্য। [1]

[1] অর্থাৎ, প্রত্যেক কাফেরদের সম্মুখে তা উপস্থিত করে দেওয়া হবে। যাতে তারা দেখতে পায় বা বুঝে নেয় যে, তাদের এখন থেকে চিরকালের জন্য ঠিকানা হবে জাহান্নাম। কোন কোন আলেম বলেন যে, মু'মিন এবং কাফের উভয়ই জাহান্নামকে দেখবে। মু'মিনগণ তা দেখে আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপন করবে যে, তিনি আমাদেরকে ঈমান ও নেক আমলের বদৌলতে এ থেকে পরিত্রাণ দিয়েছেন। আর কাফেররা প্রথম থেকেই ভয়ে ভীত-সন্ত্রস্ত হবে এবং তা দেখে তাদের দুঃখ ও আফসোস আরো বৃদ্ধি পাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5748

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন